মুজিবনগরে কলা চুরির মামলা বকুল ও তরিকুলের জেল

মুজিবনগর উপজেলার শিবপুর মাঠের কলা চুরির মামলায় বকুল (১৯) ও তরিকুল ইসলাম (২২) কে জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

এর আগে শিবপুর মাঠে জমিতে কলা চুরির সময় তাদের দুজনকে আটক করে পুলিশে সোপর্দ করা হয়। এঘটনায় কলার মালিক বাদি হয়ে তাদের দুজনের নামে মুজিবনগর থানায় মামলা দায়ের করেন।

বকুল মুজিবনগর উপজেলার শিবপুর গ্রামের বজলুর রহমানের ছেলে ও তরিকুল ইসলাম সোনাপুর গ্রামের ইজারুল ইসলামের ছেলে।

মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেল এ তথ্য নিশ্চিত করেছেন।

তিনি জানান, মুজিবনগর উপজেলার শিবপুর গ্রামে কৃষক নফর গাইনের কলা চুরি করতে গিয়ে ধরা পড়ে। শিবপুর টেংরামারি বাইপাস রোডের একটি জমি থেকে ৫ কাঁদি কলা চুরি করে পালানোর সময় তাদের আটক করে জমির মালিক।

রাজনৈতিক মূল্যায়নে নতুন মুখ, পুরাতনের কাল বিদ্রোহী

মেহেরপুর জেলা পরিষদ নির্বাচনে আওয়ামী লীগের দলীয় মনোনয়ন পেয়েছেন অ্যাড. আব্দুস সালাম। তিনি জেলা আওয়ামী লীগের সাবেক নির্বাহী কমিটির সদস্য, বাংলাদেশ ছাত্রলীগ কেন্দ্রীয় কমিটির সাবেক সহসভাপতি।

দলীয় মনোনয়নে নতুন ২৭ জনের মধ্যে তিনি একজন। ছাত্র রাজনীতি থেকে দলীয় রাজনীতি সক্রিয় অংশগ্রহণের কারণেই তাকে দল মূল্যায়ন করেছে বলে অভিমত জেলা শীর্ষ নেতাদের। অপরদিকে, জেলা পরিষদের সাবেক

করে মনোনয়ন দিয়েছেন।

জেলা আওয়ামী লীগের সহসভাপতি অ্যাড. ইয়ারুল ইসলাম বলেন, মনোনয়ন প্রাপ্ত অ্যাড. আব্দুস সালাম, সাবেক চেয়ারম্যান গোলাম রসুলসহ ৯ জন মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান হিসেবে মনোনয়ন চেয়েছিলেন। দলীয় সভানেত্রী জননেত্রী শেখ হাসিনা ৯জনের রাজনৈতিক কর্মকাণ্ড বিবেচনায় যাকে মনে করেছেন তাঁকে মনোনয়ন দিয়েছেন। আমরা তাঁর হয়েই নির্বাচনী প্রচারণায় অংশ নেব।

গাংনীতে ঋণ দেয়ার কথা বলে উধাও পল্লী উন্নয়ন সমিতি

মেহেরপুরের গাংনীর বামুন্দি এলাকার বিভিন্ন গ্রামে ঋণ দেবার কথা বলে জামানতের কয়েক লক্ষ টাকা হাতিয়ে নিয়ে উধাও হয়েছে একটি প্রতারক চক্র।

পল্লী উন্নয়ন সমিতির ব্যানারে গাংনীর ছাতিয়ান গ্রামে অফিস খুলে বসেন প্রতারক চক্রটি। আকর্শনীয় অফারে কয়েকদিনের ব্যাবধানে জামানতের টাকা নিয়ে রাতারাতি আত্মগোপন করেন তারা। সমিতির ব্যবস্থাপক ও সদস্যদের পরিচয় সনাক্ত করা সম্ভব না হলেও তাদের ব্যবহৃত মোবাইল ফোন নম্বর দিয়ে গাংনী থানায় একটি অভিযোগ দিয়েছেন ভুক্তভোগিরা। গাংনী থানা পুলিশ বলছেন বিষয়টি খোজ খবর নেয়া হচ্ছে এবং প্রতারক চক্রটিকে গ্রেফতারের তৎপরতা অব্যাহত রয়েছে।

এদিকে উপজেলা প্রশাসন বলছেন এসব সচেতনাতার অভাব। খোঁজ খবর না নিয়ে যার তার হাতে টাকা দেয়া মানুষের বোকামি ছাড়া কিছুই না। এখন আগের তুলনায় মানুষ অনেকটা সচেতন হয়েছে। তবুও মানুষ ঠকলে কিছুই করার থাকেনা।

গাংনীর আকুবপুর গ্রামের কাজলী খাতুন জানান, এ উপজেলার ছাতিয়ান গ্রামের বজলুর রহমানের বাড়ি ভাড়া নিয়ে অফিস খুলে বসেন আশিক নামের এক যুবক। নিজেকে পল্লী উন্নয়ন সমিতির শাখা ব্যবস্থাপক পরিচয় দিয়ে

সেজন্য প্রয়োজন সাধারণ মানুষের সহায়তা। তাদেরকে চিনতে পারলে অবশ্যই পুলিশ কিংবা উপজেলা প্রশানকে খবর দেয়ার অনুরোধ করেন তিনি।

মেহেরপুরে অনলাইন জুয়ার দূর্গে হানা

গা ঢাকা দিয়েছে এজেন্টরা, কৌশলে অন্যত্র থেকে চালানো হচ্ছে লেনদেন, সর্বস্ব হারাচ্ছেন জুয়া খেলোয়াড়রা

মেহেরপুর জেলা থেকে দুই শতাধিক এজেন্ট অনলাইন জুয়া সাইটের মাধ্যমে রাশিয়াসহ দেশের বিভিন্ন স্থানে পাচার করছেন প্রায় ৪০০ কোটি টাকা। আর এই অনলাইন জুয়ার সাথে জড়িত মেহেরপুরের সরকার দলীয় কয়েকজন শীর্ষস্থানীয় রাজনৈতিক নেতা, মুজিবনগরের একজন প্রভাবশালী ইউপি চেয়ারম্যান, সরকার সমর্থিত ছাত্র সংগঠনের কয়েকজন শীর্ষ নেতা, প্রশাসনের দু একজন কর্মকর্তা, স্কুল ও কলেজের কয়েকজন শিক্ষক, ব্যবসায়ী ও বিভিন্ন শ্রেনীর প্রায় দুই শতাধিক ব্যক্তি।

কয়েকজন পুলিশ কর্মকর্তা, কিছু রাজনৈতিক নেতা এবং কয়েকজন সাংবাদিক নিয়মিত মাসোহারা নেন অনলাইন জুয়াড় সাথে জড়িত এজেন্টদের সাথে। তাদের মাসোহারা দিয়ে দেদারছে জুয়া খেলে কোটি বনে যাচ্ছেন এসব এজেন্টরা। আর পথে বসছেন হাজার হাজার তরুণসহ জুয়া খেলার জড়িত ব্যক্তিরা। মেহেরপুর প্রতিদিনের অনুসন্ধানীতে এসব তথ্য পাওয়া গেছে। সামাজিক মর্যাদার কারণে ক্ষতিগ্রস্থদের নাম পরিচয় দেওয়া হলো না।

অনুসন্ধানে জানা গেছে, সঠিক নজরদারি না থাকায় অনলাইন প্ল্যাটফর্ম ব্যবহার করে প্রতিদিনই কোটি টাকা পাচার হচ্ছে দেশের বাহিরে। এতে রাষ্ট্রের অর্থনৈতিক ক্ষতির পাশাপাশি বিপথে যাচ্ছেন তরুণ ও যুবকরা। গত এক মাসে শুধুমাত্র একটি সিম (এজেন্ট) থেকে লেনদেন হয়েছে এক কোটি ৪৩ লাখ টাকা। সম্প্রতি জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি) ও সাইবার ক্রাইম ইনভেস্টেগেশন সেল যৌথভাবে অভিযান চালিয়ে ইতোমধ্যে মুজিবনগর উপজেলার কোমরপুর গ্রামের বাদল হালদারের ছেলে

তিনি আরো জানান, একজন জুয়াড়ি মোবাইল নম্বর, ইমেইলের মাধ্যমে এই বেটিং সাইট ওপেন করেন। অ্যাকাউন্টের বিপরীতে একটি ই-ওয়ালেট তৈরি হয় যাকে জুয়াড়িরা ইউএসডিটি বলে। শুরুতে এর ব্যালান্স শূন্য থাকে। ওয়ালেটে ব্যালান্স যোগ করার জন্য অনেক মাধ্যম রয়েছে। এর মধ্যে বিকাশ, নগদ, রকেট, উপায় এবং ট্রাস্ট এজিয়াটা অন্যতম। এগুলোর যেকোনো একটি বেছে নিলে সেখানে একটি এজেন্ট নাম্বার দেখায় যেখানে ন্যূনতম ৫০০ টাকা দিলে কিছুক্ষণের মধ্যে ই-ওয়ালেট বা ইউএসডিটি ব্যালান্স যুক্ত হয়ে যায়। এ টাকা অথবা ব্যালান্স দিয়ে তিনি পরবর্তীতে জুয়া খেলতে পারেন। প্রতিটি এজেন্ট আগে ৬শতাংশ কমিশন পেতেন। এখন চ্যালেঞ্জিং হয়ে যাওয়ায় এজেন্ট ধরে রাখতে তারা ৯ শতাংশ কমিশন পায়।
মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশের (ডিবি) ওসি সাইফুল ইসলাম বলেন, অনলাইন জুয়ার সাথে জড়িত দুই এজেন্টকে আটক করা হয়েছে। জড়িতদের আটকে অভিযান চলছে। অভিযানের পর থেকে এজেন্টরা গা ঢাকা দিয়েছেন।

এছাড়া মেহেরপুর প্রতিদিনের অনুসন্ধানেও উঠে এসেছে মেহেরপুর শহর, মুজিবনগরের কোমরপুর, গাংনী শহর, তেরাইল, সদরের সাহেবপুর, ইসলামপুরসহ বেশ কয়েকিট এলাকার দুই ডজন অনলাইন এজেন্টের তথ্য। পরবর্তি পর্বে থাকবে সে অনুসন্ধানের বিস্তারিত।

মেহেরপুরের ঝফঝপিয়া খাল দখল করে মাটি ভরাট

মেহেরপুরের পাটকেলপোতা ও চাঁদপুরের বড়পুল এলাকায় মাটি ভরাট করে খাল দখল করে পানি প্রবাহ বন্ধ করে দেওয়ার প্রতিবাদে জেলা প্রশাসক বরাবর অভিযোগ এলাকাবাসি।

ওই এলাকার শতাধিক কুষক, ব্যবসায়ীসহ বিভিন্ন শ্রেনী পেশার মানুষ এই খালটি উদ্ধারেরও দাবী জানিয়েছেন।

অভিযোগে স্বাক্ষর করেন সদর উপজেলার পাটকেলপোতা, সিংহাটি ও পাটাপুকাসহ কয়েকটি গ্রামের মানুষ এই অভিযোগে স্বাক্ষর করেন।

জানা গেছে, পাটাপুকা, হারদা, মরাবিল, খলিশাকুড়ি বিল, দ্বোবিল ও গাংনী উপজেলার কাজলাসহ ছোট খাটো কয়েকটি ১০ বিলের সংযোগ রয়েছে ঝপঝপিয়া খালের সাথে।এই সমস্ত বিলের সাথে পাটকেলপোতা, সিংহাটি, পাটাপুকা, বারাদী, বর্শিবাড়িয়া, কসবা, চান্দামারী, শিমুলতলা, রুইতনপুর, হাপানিয়া, দিঘলকান্দি ভাটপাড়াসহ বেশ কয়েকটি গ্রামের এসব বিলের পানি ব্যবহার করে চাষাবাদ করেন। আর এসব বিলের পানি বের হয়ে যাওয়ার জন্য ঝপঝপিয়া খালটি ব্যবহার হয়ে থাকে।

সিংহাটি গ্রামের মৃত রমজান আলীর ছেলে রফিকুল ইসলাম (বর্তমানে চাঁদপুরে বসবাসরত) অবৈধভাবে বন্দোবস্ত নিয়ে মাটি ভরাট করে পানি প্রবাহ বন্ধ করে দিচ্ছেন। বিষয়টি নিয়ে এলাকার মানুষ রফিকুলের সাথে বিভিন্নভাবে বোঝানোর পরেও কোনো ভাবে কর্ণপাত করেননি। তাকে বিভিন্নভাবে নিষেধ করলেও স্থানীয়দের ভয়ভীতি দেখায়।

এদিকে অভিযুক্ত রফিকুল ইসলাম বলেন, আমি গোপাল মোল্লা ও মসলেম আলীর শরীকদের কাছ থেকে জমি কিনেছি। আমি টাকা দিয়ে খাল কিনিনি। তবে, এই খানে ভরাট করা হলে এলাকার ৮/১০ টি গ্রাম জলাবদ্ধতা সৃষ্টি হবে বলেও জানান তিনি। তিনি বলেন এলাকার মানুষের কল্যাণের কথা বিবেচনা করে আমার এবং আপর প্রতিপক্ষ আতিয়ার গংদের জমি ছাড় দিতে হবে। আগামীকাল মঙ্গলবার (১৩/০৯/২০২২) তারিখে প্রশাসনের লোকজন সরেজমিনে তদন্ত করে ব্যবস্থা নেবেন বলে জানান তিনি।

এইচএসসি পরীক্ষা শুরু আগামী ৬ নভেম্বর থেকে

আসন্ন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষার সময়সূচি (রুটিন) প্রকাশিত হয়েছে।

সোমবার আন্তঃশিক্ষা বোর্ড পরীক্ষা নিয়ন্ত্রক কমিটির আহ্বায়ক ও ঢাকা শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক মো. আবুল বাশার স্বাক্ষরিত এইচএসসি পরীক্ষার রুটিন প্রকাশ করা হয়।

রুটিন অনুযায়ী, আগামী ৬ নভেম্বর থেকে শুরু হবে ২০২২ সালের

এইচএসসি পরীক্ষা। প্রথম দিন হবে বাংলা প্রথমপত্র। প্রতিদিন সকাল ১১টা থেকে দুপুর ১টা পর্যন্ত ও দুপুর ২টা থেকে বিকাল ৪টা পর্যন্ত চলবে এ পরীক্ষা।

সূচি অনুযায়ী, তত্ত্বীয় পরীক্ষা শেষ হবে ১৩ ডিসেম্বর আর ১৫ ডিসেম্বর শুরু হবে ব্যবহারিক পরীক্ষা।

সূচিতে জানানো হয়েছে, এইচএসসি ও সমমানের সব পরীক্ষা দুই ঘণ্টার হবে। এরমধ্যে বহুনির্বাচনী ২০ মিনিট এবং সৃজনশীল পরীক্ষার জন্য ১ ঘণ্টা ৪০ মিনিট সময় পাবে শিক্ষার্থীরা।

সূচিতে আরও জানানো হয়েছে, বহুনির্বাচনী ও সৃজনশীল প্রশ্নের মাঝে কোনো বিরতি থাকবে না। প্রথমে বহুনির্বাচনী এবং পরে সৃজনশীল বা রচনামূলক (তত্ত্বীয়) পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষা শুরুর অন্তত ৩০ মিনিট আগে পরীক্ষার্থীদের নিজ নিজ আসনে বসতে হবে।

রুটিনটি দেখুন –

মেহেরপুরে পুলিশের অভিযানে ৬ আসামি গ্রেফতার

মেহেরপুরে পুলিশের ২৪ ঘন্টার নিয়মিত অভিযানে বিভিন্ন মামলায় ৬ আসামি গ্রেফতার হয়েছে। এসময় গাঁজা ও একটি গাঁজার গাছ উদ্ধার করেছে পুলিশ।

এদের মধ্যে গাংনী থানা পুলিশের অভিযানে নিয়মিত মামলায় ৪ ও মেহেরপুর সদর থানা পুলিশের অভিযানে ২ জন গ্রেফতার হয়েছেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক ও মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেলের নেতৃত্বে পুলিশের পৃথক টিম দুটি উপজেলার বিভিন্ন গ্রামে অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করেন।

রবিবার (১১ সেপ্টেম্বর) সকাল থেকে আজ সোমবার (১৩ সেপ্টেম্বর)

ভোররাত পর্যন্ত এ অভিযান চালানো হয়। এসময় ৪ টি মামলা রেকর্ড করা হয়েছে।

পুলিশের সংশ্লিষ্ট সূত্র এ তথ্য নিশ্চিত করেছেন।

আজ সোমবার (১২ সেপ্টেম্বর) দুপুরের দিকে গ্রেফতারকৃত আসামিদের আদালতে সোপর্দ করা হয়েছে।

কোটচাঁদপুরে পূবালী ব্যাংকের ১০৪ তম উপশাখার উদ্ভোধন

কোটচাঁদপুরে পূবালী ব্যাংক, ১০৪ তম উপশাখার উদ্ভোধন করেছেন। সোমবার সকালে পৌর শহরের প্রাণ কেন্দ্রে এ শাখার উদ্ভোধন করা হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সহকারী মহাব্যবস্থাপক ও ঝিনাইদহের শাখা প্রধান কাজী শিহাবুল ইসলাম। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পূবালী ব্যাংকের উপমহাব্যবস্থাপক ও খুলনা অঞ্চল প্রধান আরিফুর রহমান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পূবালী ব্যাংকের সহকারী মহাব্যবস্থাপক ও খুলনা শাখার প্রধান সালা্হউদ্দিন পিডিপির কোটচাঁদপুরের আবাসিক প্রকৌশলী মনোয়ার জাহিদ, কোটচাঁদপুর পৌর আওয়ামী লীগ সভাপতি কাজী আলমগীর হোসেন। বক্তব্য রাখেন পূর্বালী ব্যাংকের সিনিয়র প্রিন্সিপাল অফিসার মারুফ হোসেন, যশোর শাখার ব্যবস্থাপক শফিকুল ইসলাম, কোটচাঁদপুর উপশাখার ব্যবস্থাপক সাইদুর রহমান। বিশিষ্ট ব্যবসায়ি মোহাম্মদ আলী, সেলিম কায়সার,শিক্ষক আব্দুল আজিজ, প্রেসক্লাব সভাপতি নজরুল ইসলাম, ঠিকাদার ও ব্যবসায়ি সাইফুর রহমান,মেহেদি হাসান বুলবুল।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

মঞ্জুর

ইবি ছাত্রী নিশাত তাসনীম উর্মি হত্যা মামলায় স্বামী আশিকুজ্জামান প্রিন্স ও তার শশুর হাসেম শাহকে জামিন না দিয়ে জেল হাজতে প্রেরণ করেছে আদালত।

গতকাল রবিবার (১১ সেপ্টেম্বর) বিকালে মেহেরপুর সিনিয়র জুডিশীয়াল ম্যাজিস্ট্রেট দ্বিতীয় আদালতের বিজ্ঞ বিচারক তারিক হাসানের আদালতে জামিনের আবেদন করেন।

বিজ্ঞ বিচারক তাদের জামিন আবেদন নাকচ করে জেল হাজতে প্রেরণের নির্দেশ দেন। নিহত নিশাত তাসনীম উর্মী (২৪)ইসলামী বিশ্ববিদ্যালয়ের ফোকলোর বিভাগের তৃতীয় বর্ষের ছাত্রী। উর্মীর মাদকাসক্ত স্বামী আশিকুজ্জামান প্রিন্স বৃহস্পতিবার (৮ সেপ্টেম্বর) সন্ধ্যায় হেরোইন সেবন করে তার বাড়িতে যায়। এসময় উর্মী তার স্বামীকে মাদক ছেড়ে দেওয়ার জন্য বললে বাকবিতন্ডার এক পর্যায়ে শ্বাসরোধ করে হত্যা করে গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা করেছে বলে প্রচার চালায়। গভীর রাতে উর্মীকে গাংনী স্বাস্থ্য কমপ্লেক্স ভর্তি করে। সেখানে ডাক্তার তাকে মৃতু ঘোষণা করার পর পুলিশ ওই ছাত্রীর মরদেহ উদ্ধার করে।সকালে উর্মীর সুরোত হাল রিপোর্ট শেষে মরদেহ ময়না তদন্তের জন্য মেহেরপুর জেনারেল হাসপাতালে প্রেরণ করেন।

এসময় পুলিশ অভিযান চালিয়ে আশিকুজ্জামান প্রিন্স ও তার পিতা হার্ডওয়্যার ব্যবসায়ী হাসেম শাহকে গ্রেফতার করে থানায় নেন। পরে উর্মীর পিতার দায়ের করা হত্যা মামলায় গ্রেফতার দেখিয়ে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করে। উর্মীর বাবা গোলাম কিবরিয়ার এনে নারী ও শিশু নির্যাতন দমন আইন ২০০০ (সংশোধিত ২০০৩) এর ১১(ক)/৩ ধারায় যৌতুকের জন্য মারপিট কেরে হত্যা ও হত্যার সহায়তার অভিযোগ এনে উর্মির স্বামী আসিকুজ্জামান প্রিন্সের ও তার পিতা হাসেম শাহ ও শাশুড়ির নামে একটি মামলা দায়ের করেন। যার জিআর মামলা নং ২১২/২২।

এদিকে বিশ্ববিদ্যালয়ের এই মেধাবী ছাত্রী হত্যার বিচার চেয়ে তার সহপাঠিরা ইসলামিক বিশ্বাবিদ্যালয় ক্যাম্পাস, গাংনী উপজেলা শহর ও মেহেরপুর জেলা শহরে মানববন্ধন করেছে। বিচার দাবিতে ফুঁসে উঠেছেন বিভিন্ন স্তরের মানুষ।